

💵 মুমিন নারীদের বিশেষ বিধান

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম পরিচ্ছেদ: হজ ও উমরায় নারীর বিশেষ বিধান রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

১৫. তাওয়াফে ইফাদার পর ঋতুমতী হলে বিদায়ী তাওয়াফ রহিত হয়:

নারী যদি তাওয়াফে ইফাদার পর ঋতুমতী হয়, তাহলে যখন ইচ্ছা সে বাড়ি ফেরার উদ্দেশ্যে সফর করবে, তার থেকে বিদায়ী তাওয়াফ রহিত। কারণ, আয়েশা রাদিয়াল্লাহু 'আনহা বলেন:

» ভালে বিষয়টা জানালাম, তিনি শুনে বললেন: সে কি আমাদেরকে আটকে রাখবে? আমি বললাম: হে আল্লাহর রাসূল, সে তাওয়াফে ইফাদাহ করেছে তারপর ঋতুমতী হয়েছে, তিনি বলেন: তাহলে যাত্রা করুক"।[1]

»أمر الناس أن يكون آخر عهدهم بالبيت إلا أنه خفف عن المرأة الحائض «
"মানুষদেরকে নির্দেশ প্রদান করা হলো যেন তাদের সর্বশেষ কাজ হয় বিদায়ী তওয়াফ, তবে এটা তিনি ঋতুমতী নারী থেকে শিথিল করেন"।[2]

তার থেকে আরো বর্ণিত:

أن النبي صلى الله عليه وسلم رخص للحائض أن تصدر قبل أن تطوف بالبيت إذا كانت قد طافت في « »الإفاضة

"নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঋতুমতী নারীকে ছাড় দিয়েছেন বিদায়ী তাওয়াফ ছাড়াই সে বাড়ি ফিরবে, যদি তাওয়াফে ইফাদাহ সম্পন্ন করে"।[3]

ইমাম নাওয়াওয়ী রহ. 'আল-মাজমু': (৮/২৮১) গ্রন্থে বলেন: ইবনুল মুন্যির বলেন: সাধারণ আহলে ইলমগণ এ কথাই বলেছেন, যেমন মালিক, আওযা'ঈ, সাউরি, আহমদ, ইসহাক, আবু সাউর ও আবু হানিফা প্রমুখ। সমাপ্ত। ইবন কুদামাহ 'আল-মুগনি': (৩/৪৬১) গ্রন্থে বলেন: এটা সমকালীন সকল ফকিহর অভিমত। তিনি আরো বলেন: নিফাসের নারীদের বিধান ঋতুমতী নারীদের মতো। কারণ, কোনো বিধান রহিত ও ওয়াজিব হওয়ার ক্ষেত্রে হায়েযের নারী নিফাসের নারীর মতো। সমাপ্ত।

ফুটনোট

[1] সহীহ বুখারী, হাদীস নং ১৬৭০; আবু দাউদ, হাদীস নং ২০০৩; ইবন মাজাহ, হাদীস নং ৩০৭২; আহমদ:



(৬/৮২); দারেমী, হাদীস নং ১৯১৭

- [2] সহীহ বুখারী, হাদীস নং ১৬৬৮; সহীহ মুসলিম, হাদীস নং ১৩২৮; আহমদ: (৬/৪৩১); দারেমী, হাদীস নং ১৯৩৪
- [3] সহীহ মুসলিম, হাদীস নং ১৩২৮; আহমদ: (১/৩৭০)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=14728

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন